উওওঘ : ১১৫২৬৩, ঘট : ০১০৯, ইঞউই : ৩৬০৩০
মোবাইল নম্বর ঃ ০১৩০৯-১১৫২৬৩, ০১৭৮৮-৯০২৫৫৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**
শরণখোলা, বাগেরহাট।
e-mail : shorankholacollege78@gmail.com, website : www.sgdc.edu.bd

**স্মারক নং-শসডিক/২০২৫/**

তারিখ ঃ ১৬ই ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১লা মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# ২০২৫ সালের এইচ.এস.সি. (সাধারণ) শাখার ফরমপূরণ বিজ্ঞপ্তি

শরণখোলা সরকারি ডিগ্রি কলেজের ২০২৫ সালের এইচ.এস.সি. (সাধারণ) পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, আগামী ০২-০৩-২০২৫ রবিবার হতে ০৬-০৩-২০২৫ খ্রি. বৃহস্পতিবার (ছুটির দিন ব্যতীত) পর্যন্ত নির্বাচনী পরীক্ষা-২০২৫ সালের উত্তীর্ণ শিক্ষার্থীরা ফরমপূরণ করতে পারবে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ ব্যতিত কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে পারবে না। **[উল্লেখ্য যে, ফরমপূরণ করার জন্য কলেজের ফরমপূরণ কমিটির কাছ থেকে যশোর বোর্ড কর্তৃক তালিকায় নাম ও অন্যান্য তথ্য ঠিক আছে কিনা তা দেখে ফরমপূরণ করতে হবে। অন্যথায় ফরমপূরণ তালিকা থেকে কেহ বাদ পড়লে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।]**

## সকল বিভাগের নিয়মিত ফি

| ক্রমিক নং | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ০১ | বোর্ড ফি- | ১,৯৩০/- | ১. এক বিষয় ব্যবহারিক সহ-২,২২৫+১৪০=২,৩৬৫/- | ১,৭৩০/- |
| ০২ | ব্যবহারিক ফি'সহ কেন্দ্র ফি- | ৮৫৫/- | ২. দুই বিষয় ব্যবহারিক সহ-২,২২৫+২৮০=২,৫০৫/- | ৪৯৫/- |
| ০৩ | ব্যবস্থাপনা ফি- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| ০৪ | একাডেমিক ক্যালেন্ডার- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| | **সর্বমোট ঃ** | **২,৮৮৫/-** | **এক বিষয় ব্যবহারিক সহ ঃ ২,৪৬৫/-**<br>**দুই বিষয় ব্যবহারিক সহ ঃ ২,৬০৫/-** | **২,৩২৫/-** |

***ফরমপূরণের শর্তাবলী ঃ**

১. অনিয়মিত/গ্রেড উন্নয়ন/এক বিষয়/দুই বিষয় ফরমপূরণ করতে হলে মূল প্রবেশপত্র-এর ফটোকপি সঙ্গে আনতে হবে।

২. টাকা পরিশোধের অনলাইনের কলেজ অংশের কপি ফরমপূরণ কমিটির নিকট অবশ্যই জমা দিতে হবে। জমা রশিদের পিছনে S.S.C পাশের রেজিঃ নম্বর এবং নিজ মোবাইল নম্বর লিখতে হবে।

৩. **এক/দুই বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ**

ক) যে সকল পরীক্ষার্থী ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয় বিষয় সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহন না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০২৪ সালের এইচ.এস.সি. পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীগণ রেজিঃ নবায়ন করে ২০২৫ সালের এক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে ৩০০/- টাকা হরে নিবন্ধন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে নিবন্ধন নবায়ন করে ফরম পূরণ করতে হবে।

গ) যে সকল পরীক্ষার্থী ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের এইচ.এস.সি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের এইচ.এস.সি. পরীক্ষায় ঐ এক/দুই পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২২,২০২৩ ও ২০২৪ সালের পরীক্ষায় বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ সালের সকল/এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত ঃ** ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে শুধু ২০২৫ সালে ঐ এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ৩০০/ (তিনশত টাকা)। এক্ষেত্রে সংশ্লিষ্ট ফিস ফরমপূরণের ফি'এর সাথে স্বয়ংক্রিয়ভাবে যোগ হয়ে যাবে (আলাদাভাবে রেজিস্ট্রেশন নবায়ন করার প্রয়োজন হবে না)।

৭. **জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত ঃ** রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচ.এস.সি. পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের এইচ.এস.সি. পরীক্ষায় জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তার জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৫ সালের এইচ.এস.সি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা হবে না।

N. Alam

**অধ্যক্ষ**
**শরণখোলা সরকারি ডিগ্রি কলেজ**